



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 5th Semester Examination, 2023-24



BNGACOR11T-BENGALI (CC11)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রাণ্ডিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করছে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

- ১। “রাজসিংহ উপন্যাসের নায়ক, স্বয়ং রাজসিংহ।” — মন্তব্যটি কতদূর সঙ্গত তা বিশ্লেষণ করো। ১০
অথবা
‘রাজসিংহ’ উপন্যাসে উপকাহিনি অংশটির সংযোজন কতদূর শিল্পসার্থক হয়েছে সে বিষয়ে তোমার যুক্তি দাও। ১০
- ২। ‘পথের দাবী’ উপন্যাসে ভারতী চরিত্রটি বেদনা ও অন্তর্দ্বন্দ্বের মধ্য দিয়ে জীবন্ত হয়ে উঠেছে — আলোচনা করো। ১০
অথবা
‘পথের দাবী’ রাজনৈতিক উপন্যাস হলেও তার সামাজিক গুরুত্ব অস্বীকার করা যায় না। — মন্তব্যটির সমর্থনে তোমার বক্তব্য উপস্থাপন করো। ১০
- ৩। ‘গণদেবতা’ আঞ্চলিকতার সীমাবদ্ধতা উত্তীর্ণ হয়ে শেষপর্যন্ত বৃহত্তর জীবনবোধে উন্নীত। — আলোচনা করো। ১০
অথবা
ঘটনার ঘাত-প্রতিঘাতে দেবু পণ্ডিতের আদর্শবাদ ক্রমশ বাস্তবতার দিকে প্রসারিত হয়েছে। ‘গণদেবতা’ উপন্যাস অবলম্বনে বিষয়টি পরিস্ফুট করো। ১০
- ৪। ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসে কপিলা এক রহস্যময়ী দুর্জয় নারী চরিত্র — বিশ্লেষণ করো। ১০
অথবা
‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসের ঘটনাপ্রবাহ ও চরিত্রসৃষ্টি নদীর দ্বারা কতখানি প্রভাবিত হয়েছে তা আলোচনা করো। ১০
- ৫। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ ৫×২=১০
(ক) “বাদশাহজাদীদের আবার ভালোবাসা!” — কথাটি কে, কাকে বলেছে? এই উক্তির আলোকে বক্তার চরিত্রের কোন্ দিকটি ফুটে উঠেছে, তা লেখো। ১+১+৩
(খ) “অপূর্ব নিঃশ্বাস রোধ করিয়া জিজ্ঞাসা করিল, কি করে হল?” — অপূর্ব কাকে জিজ্ঞাসা করেছিল? বক্তার অভিপ্রায় ব্যাখ্যা করো। ১+৪
(গ) “আজকাল আর মানুষ চণ্ডীমণ্ডপটিকে প্রণামও করে না।” — কে, কোন্ প্রসঙ্গে একথা বলেছে? ১+৪
(ঘ) ‘হ, কপিলা চলুক সঙ্গে।’ – বক্তা কে, বক্তার এরূপ মন্তব্যের কারণ নির্দেশ করো। ১+৪

—x—